কোস্ট ফাউন্ডেশন, প্রধান কার্যালয়, ঢাকা।

COAST Foundation Principal Office, Dhaka

**বিষয়: চিকিৎসা সহায়তা নীতিমালা (পরিবর্তিত ২৫ জুন, ২০২১)**

১. চিকিৎসা সহায়তা শুধুমাত্র নিজ এবং নিজের পরিবারের জন্য প্রযোজ্য হবে। এখানে পরিবার বলতে নিজে, নিজের স্বামী/স্ত্রী এবং সন্তানকে বুঝানো হয়েছে। এই চিকিৎসা সহায়তার সময়কাল হবে প্রত্যেক বছরের জানুয়ারি থেকে ডিসেম্বর পর্যন্ত।

২. **পদবী অনুযায়ী চিকিৎসা সুবিধা খরচ/সহায়তা নিম্ন রূপ:-**

| ক্রম | পদবী | বর্তমানে চিকিৎসা সুবিধার পরিমাণ (টাকা) (প্রতি বছরে) | পরিবর্তিত চিকিৎসা সুবিধা (টাকা) (প্রতি বছরে) | মোট কর্মী সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | সাধারণ সেবা কর্মী | ৫০০০ | ৫৫০০ | ১৩০ |
| ২ | ঋণ ও উন্নয়ন কর্মকর্তা/কর্মসূচি সংগঠক/প্যারামেডিক্স | ৬৫০০ | ৭৫০০ | ৪৫০ |
| ৩ | সহ:ব্যবস্থাপক/শাখা হিসাব রক্ষক | ৬৫০০ | ৭৫০০ | ১১০ |
| ৪ | ব্যবস্থাপক/ শাখা ব্যবস্থাপক | ৮০০০ | ১০০০০ | ১১৫ |
| ৫ | সহ:সমন্বয়কারী/এলাকা ব্যবস্থাপক | ১০০০০ | ১২০০০ | ২০ |
| ৬ | সমন্বয়কারী/আঞ্চলিক কর্মসূচি সমন্বয়কারী | ১৫০০০ | ২০০০০ | ৮ |
| ৭ | উর্ধ্বতন সমন্বয়কারী | ২০০০০ | ২৫০০০ | ৫ |
| ৮ | প্রধান | ২৫০০০ | ৪০০০০ | ১০ |
| ৯ | সহকারী পরিচালক | ৩০০০০ | ৬০০০০ | ৭ |
| ১০ | উপ-পরিচালক | ৩৫০০০ | ৭০০০০ | ০ |
| ১১ | যুগ্ম-পরিচালক | ৩৫০০০ | ৮০০০০ | ৩ |
| ১২ | পরিচালক | ৪০০০০ | ১২৫০০০ | ৪ |
| ১৩ | উপ-নির্বাহী পরিচালক | ৪৫০০০ | ১৩৫০০০ | ১ |
| ১৪ | নির্বাহী পরিচালক | ৫০০০০ | ১৫০০০০ | ১ |
| | | | মোট কর্মী সংখ্যা | ৮৬৪ |

৩. স্তরভিত্তিক বা পদবী অনুসারে চিকিৎসা সহায়তা প্রাপ্তির উপযুক্ততা সংস্থার সকল কর্মীদের চিকিৎসা ভাতা প্রাপ্তির উপযুক্ত সময়কাল এক হবে না। এক্ষেত্রে সেবা কর্মী থেকে ঋণ ও উন্নয়ন কর্মকর্তা পর্যন্ত এবং তদুর্ধ্ব পদবীর কমীদের চিকিৎসা সহায়তা প্রাপ্তির উপযুক্ততা বা **Entitlement** হচ্ছে নিম্নরূপ;

৪.১ সেবাকর্মী থেকে ঋণ ও উন্নয়ন কর্মকর্তা পর্যন্ত:

(ক) চাকুরির বয়স ৬ মাস পর্যন্ত কোন চিকিৎসা সহায়তা পাওয়া যাবে না।

(খ) চাকুরির বয়স ৬-১২ মাস পর্যন্ত, মোট বিলের ৭৫% পর্যন্ত।

(গ) চাকুরির বয়স ১২ মাসের উর্ধ্বে হলে মোট বিলের ১০০% ।

৪.২ ঋণ ও উন্নয়ন কর্মকর্তা এর উপরের পদবীধারী কর্মী হন তাহলে চাকুরিতে যোগদানের দিন থেকে তিন বছর পূর্তি না হলে কোন প্রকার চিকিৎসা সহায়তা পাবেন না। তিন বছর পূর্ন হলে তিনি মোট খরচের ৭০% চিকিৎসা সহায়তা দাবী করতে পারবেন। ৫বছর পূর্ণ হলে মোট খরচের ১০০% দাবী করতে পারবেন। কারো পুনঃনিয়োগের ক্ষেত্রে নতুন তারিখ অনুযায়ী এ নিয়মটি প্রযোজ্য হবে।

৫. কোন প্রকল্প কমীর ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রকল্পের বাজেটে চিকিৎসা সহায়তা ধরা না থাকলে তিনি এ নীতিমালার আওতায় আসবেন না।

৬. ডাক্তারের ব্যবস্থাপত্রের ফটোকপি এবং অন্য সকল বিলের মূল কপি জমা দিতে হবে এবং কোন সাদা কাগজের বিল গ্রহণযোগ্য হবে না। বিল যাচাইয়ের ক্ষেত্রে কোন সন্দেহের অবকাশ হলে এবং বিল জমাদানকারী থেকে সন্তোষজনক উত্তর না পেলে কমিটি উল্লেখিত হারের চেয়ে কম হারে বিল প্রদান করতে পারবে।

৭. শরীরের সৌন্দর্য বৃদ্ধির জন্য খরচ এই চিকিৎসা সহায়তার আওতায় আসবে না।

৮. কোন কর্মীর ছেলে/মেয়ের বয়স ৩০ বছরের উর্ধ্বে হলে তারা এ নীতিমালার আওতায় আসবেন না। তবে তিনি/তারা যদি গুরুতর অসুস্থতার জন্য কর্মক্ষম না হন বা পিতা/মাতার আয়ের উপর নির্ভরশীল হন তাহলে তিনি/তারা এ নীতিমালার আওতায় আসবেন।

৯. কোন কর্মীর স্ত্রী/স্বামী চাকুরিরত থাকলে তিনি এ চিকিৎসা সহায়তার আওতায় আসবেন না।

Sanat Kumar Bhowmik
Deputy Executive Director
COAST Foundation

Rezaul Karim Chowdhury
Executive Director
COAST Foundation

Jasmeen Sultana Paru
Chairperson-GC & EC
COAST Foundation

১১. কোন কর্মীর সংস্থায় চাকুরির বয়স যদি ২০ বছরের বেশী হয় তাহলে বড় ধরণের চিকিৎসা খরচ (দেশে বা বিদেশে) পরিচালনা পর্ষদের সভাপতির অনুমোদন সাপেক্ষে আংশিক বা পুরোটা সংস্থা বহন করবে।

১২. চিকিৎসা সহায়তা প্রদানের ক্ষেত্রে কেন্দ্রীয় কার্যালয়ে তিন সদস্য বিশিষ্ট (প্রধান থেকে উর্ধ্বতন কর্মীদের সমন্বয়ে) একটি চিকিৎসা সহায়তা অনুমোদন কমিটি থাকবে এবং উক্ত কমিটি **উপ-নির্বাহী পরিচালকের** নিকট দায়বদ্ধ থাকবে। উক্ত কমিটি সংশ্লিষ্ট কর্মীর দাবিকৃত চিকিৎসা বিলটি যাচাই করবে এবং যথাযথ মূল্যায়ন সাপেক্ষে অনুমোদনসহ বিল প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা নিবে। যে অফিস থেকে কর্মীর বেতন যাবে সে অফিস থেকেই তিনি চিকিৎসা ভাতা গ্রহণ করবেন। প্রতি তিন বছর পর পর এ কমিটি পরিবর্তন হবে। **উপ-নির্বাহী পরিচালক** এ কমিটি গঠন করে দেবেন।

১৩. মাঠ পর্যায়ের কর্মীদের চিকিৎসা খরচের বিলসমুহ সংশ্লিষ্ট শাখার হিসাব রক্ষক কর্তৃক বিস্তারিত যাচাই করে "যাচাইকারী" হিসাবে স্বাক্ষর করবেন এবং সংশ্লিষ্ট কর্মীর প্রথম তত্ত্বাবধায়ক "সুপারিশকারী" হিসাবে স্বাক্ষর করার পর তা কমিটির কাছে প্রেরনের ব্যবস্থা করবেন । কমিটি যদি প্রয়োজন মনে করে তাহলে পুনরায় বিলটি যাচাই-বাছাই করতে পারবে এবং পরবর্তীতে অনুমোদন দেবে।

১৪. জীবন রক্ষাকারী দীর্ঘমেয়াদী গৃহীত ঔষধসমুহের (যেমন ব্লাড-প্রেসার, ডায়াবেটিক্স,মাইগ্রেন এবং এ্যাজমা বা দীর্ঘমেয়াদী শ্বাসকষ্ট ইত্যাদি রোগসমুহ) ক্রয়ের খরচসমূহ এ নীতিমালার আওতায় আসবে।

১৫. কমিটির যাচাই সাপেক্ষ পরবর্তীতে যদি প্রমাণিত হয়, কোন কর্মী মিথ্যা বিল জমা দিয়ে চিকিৎসা সুবিধা গ্রহণ করেছেন, তাহলে যিনি সুবিধা গ্রহণ করবেন তাকে দ্বিগুণ পরিমাণ টাকা এবং যারা যাচাইকারী এবং সুপারিশকারী হিসাবে স্বাক্ষর করেছেন, তাদের প্রত্যেককে প্রদত্ত বিলের ২৫% করে টাকা জরিমানা করা হবে।

১৬. সকল চিকিৎসা সহায়তা বিল যাচাই করবেন কমিটির দুইজন সদস্য এবং কমিটি প্রধান সুপারিশ করবেন। সকল চিকিৎসা সহায়তা বিল অনুমোদন দেবেন **পরিচালক-এমই এন্ড আইএ** । **পরিচালক-এমই এন্ড আইএ** এর চিকিৎসা সহায়তা বিল অনুমোদন দেবেন **উপ-নির্বাহী পরিচালক**।

১৭. জটিল অপারেশনের ক্ষেত্রে **উপ-নির্বাহী পরিচালকের** অনুমোদন সাপেক্ষে অগ্রিম নেয়া যাবে তবে অগ্রিমের পরিমাণ নির্দিষ্ট সীমার মধ্যে থাকতে হবে। অন্যান্য চিকিৎসার ক্ষেত্রে অগ্রিম নেয়া যাবে না। সে ক্ষেত্রে প্রকৃত বিল জমাদানের প্রেক্ষিতে চিকিৎসা সহায়তা প্রদান করা হবে।

১৮. সকল আবেদনপত্র প্রধান কার্যালয়ে আসা মাত্র কেন্দ্রীয় কমিটি কর্তৃক একটি রেজিস্টারের রেকর্ড করা হবে। পরবর্তী ১৫ দিনের মধ্যে কমিটি কর্তৃক বিলসমূহ নিস্পত্তি করা হবে। চলতি বছরের বিল পরবর্তী বছরে জানুয়ারি মাস পর্যন্ত জমা নেওয়া হবে। তার পর আর কোন বিল জমা নেওয়া হবে না এবং দেয়া হবে না।

১৯. প্রতি তিন মাস পর পর চিকিৎসা সহায়তার খরচ সংক্রান্ত একটি বিশ্লেষণমূলক প্রতিবেদন চিকিৎসা সহায়তা অনুমোদন কমিটি **উপ-নির্বাহী পরিচালকের** কাছে জমা দেবেন এবং একটি সভায় তারা এটি উপস্থাপন করবেন।

২০. কর্মকালীন অবস্থায় কোন কর্মী দুর্ঘটনার শিকার হলে এর সমুদয় খরচ সংস্থা বহন করবে এবং এ জন্য **উপ-নির্বাহী পরিচালকের** অনুমোদন সাপেক্ষে অগ্রিম নেয়া যাবে।

২১. চিকিৎসা সহায়তা অনুমোদন কমিটি যেকোন একজন সদস্য নির্ধারিত ফরমেটে চিকিৎসা সহায়তার চলতি বছরের হিসাব এক্সএল শিটে সংরক্ষণ করে রাখবেন।

**২২. দুর্ঘটনা/মৃত্যুজনিত ভাতা কেবল মাত্র নিয়মিত কর্মীদের ক্ষেত্রে প্রযোজ্য)**

২২.১ দায়িত্বপালনকালে কোন কর্মী দুর্ঘটনায় পতিত হয়ে কর্মক্ষমতা হারালে তিনি অন্যান্য সুযোগসুবিধাগুলোর পাশাপাশি ৫বছরের সর্বশেষ মূল বেতনের সমপরিমাণ টাকা পৃথকীকরণ ভাতা হিসেবে পাবেন। তবে এ অক্ষমতা কোস্ট কর্তৃক নিয়োজিত চিকিৎসক দ্বারা প্রত্যায়িত হতে হবে।

২২.২ সংস্থায় চাকুরিরত অবস্থায় কোন কর্মীর সাধারণ মৃত্যু হলে অন্যান্য সুযোগসুবিধাগুলোর পাশাপাশি ৫বছরের সর্বশেষ মূল বেতনের সমপরিমাণ টাকা পৃথকীকরণ ভাতা হিসেবে কর্মীর নমিনি/নমিনিগণ পাবেন।

২২.৩ চাকুরিকালীন অবস্থায় দুর্ঘটনাজনিত কারণে বা অন্য কর্তৃক মৃত্যু হলে অন্যান্য সুযোগ সুবিধাগুলোর পাশাপাশি ১০বছরের সর্বশেষ মূল বেতনের সম পরিমাণ টাকা পৃথকীকরণ ভাতা হিসেবে কর্মীর নমিনি/নমিনিগণ পাবেন।

২৩. এ নীতিমালাটি অনর্তিবিলম্বে কাযকরী হবে।

২২. এ নীতিমালাটি ২৫জুন ২০২১ তারিখে অনুষ্ঠিত নির্বাহী পর্ষদের ১০৯তম সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| উপস্থাপনায় | সুপারিশক্রমে | অনুমোদনক্রমে |
|---|---|---|
| সনত কুমার ভৌমিক<br>উপ-নির্বাহী পরিচালক | রেজাউল করিম চৌধুরী<br>নির্বাহী পরিচালক | জেসমিন সুলতানা পারু<br>চেয়ারপার্সন-ইসি |
| Sanat Kumar Bhowmik<br>Deputy Executive Director<br>COAST Foundation | Rezaul Karim Chowdhury<br>Executive Director<br>COAST Foundation | Jasmeen Sultana Paru<br>Chairperson-GC & EC<br>COAST Foundation |

COAST Foundation<br>Principal Office, Dhaka